

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৬৬

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৬৯. দু'আর সময় হাত উঠানো সম্পর্কে।

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكِ، حَدَّثَنِي مُوسَى بْنُ يَعْقُوبَ، عَنِ ابْنِ عُثْمَانَقَالَ أَبُو دَاوُدَ وَهُوَ يَحْيَى بْنُ الْحَسَنِ بْنِ عُثْمَانَ عَنِ الأَشْعَثِ بْنِ إِسْحَاقَ بْنِ سَعْدِ، عَنْ أَبِيهِ، قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ مَكَّةَ نُرِيدُ الْمَدينَةَ فَلَمَّا كُنَّا قَرِيبًا مِنْ عَزْوَرَا نَزَلَ ثُمَّ رَفَعَ يَدَيْهِ فَدَعَا اللَّهَ سَاعَةً ثُمَّ خَرَّ سَاجِدًا فَمَكَثَ طَوِيلاً ثُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ فَدَعَا اللَّهَ سَاعَةً ثُمَّ خَرَّ سَاجِدًا فَمَكَثَ طَوِيلاً ثُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ فَدَعَا اللَّهَ سَاعَةً ثُمَّ خَرَّ سَاجِدًا ذَكَرَهُ أَحْمَدُ ثَلاَثًا قَالَ " إِنِي سَأَلْتُ رَبِّي وَشَفَعْتُ لأُمَّتِي فَمَكَثَ طَوِيلاً ثُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ شَاعَةً ثُمَّ حَرَّ سَاجِدًا فَمَكَثَ طَوِيلاً ثُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ سَاعَةً ثُمَّ خَرَّ سَاجِدًا لَكُرَهُ أَحْمَدُ ثَلاَثًا قَالَ " إِنِي سَأَلْتُ رَبِّي وَشَفَعْتُ لأُمَّتِي فَرَوْتُ سَاجِدًا شُكْرًا لِرَبِّي ثُمَّ رَفَعْتُ رَأْسِي فَسَأَلْتُ رَبِّي وَشَفَعْتُ لأُمَّتِي فَاعَطَانِي ثُلُثُ أُمَّتِي فَعَرَرْتُ سَاجِدًا لِرَبِّي شُكْرًا ثُمَّ رَفَعْتُ رَأْسِي فَسَأَلْتُ رَبِّي لأُمْتِي فَأَعْطَانِي التُّلُثُ أُمَّتِي فَخَرَرْتُ سَاجِدًا لِرَبِي شُكْرًا ثُمَّ رَفَعْتُ رَأْسِي فَسَأَلْتُ رَبِّي لأُمْتِي فَاعُطَانِي التُلُثُ ثُلُثَ أُمَّتِي فَخَرَرْتُ سَاجِدًا لِرَبِي ". قَالَ أَبُو دَاوُدَ أَشْعَتُ بُنُ إِسْحَاقَ أَسْقَطَهُ أَعْطَانِي التَّلُثُ وَيَلِحٍ حِينَ حَدَّثَنَا بِهِ فَحَدَّثَنِي بِهِ عَنْهُ مُوسَى بْنُ سَهْلٍ الرَّمْلِيُّ .

বাংলা

২৭৬৬. আহমদ ইবন সালিহ (রহঃ) 'আমির ইবন সা'দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমরা মক্কা থেকে মদীনার উদ্দেশ্যে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বের হই। অতঃপর যখন আযূরা নামক স্থানে পৌঁছি, তখন তিনি অবতরণ করেন এবং দু'হাত তুলে প্রায় এক ঘন্টা দু'আ করেন। পরে সিজদায় গমণ করেন এবং অধিকক্ষণ সিজদাবনত থাকেন। এরপর তিনি দন্ডায়মান হন এবং দু'হাত তুলে প্রায় এক ঘন্টা দু'আ করেন এবং পরে সিজদাতে রত হন। রাবী আহমাদ এরূপ তিনবার বর্ণনা করেছেন।

অতঃপর তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ আমি আমার রবের কাছে দু'আ করেছি এবং আমার উন্মতের জন্য সুপারিশ করেছি। আল্লাহ্ আমার উন্মতের তিন ভাগের এক ভাগ সুপারিশ কবুল করেছেন। তাই আমি শোকর-সূচক সিজদা আদায় করি। পরে (দ্বিতীয়বার) আমি সিজদা হতে উঠে আমার রবের নিকটে আবার উন্মতের ব্যাপারে সুপারিশ করি, তখন তিনি আরও এক-তৃতীয়াংশ গুনাহ্ মাফ করে দেন। এতে আমি আল্লাহর



শোকর জ্ঞাপন করার জন্য সিজদা করি। অবশেষে (তৃতীয়বার) আমি সিজদা থেকে উঠে আমার রবের নিকটে উদ্মতের ব্যাপারে সুপারিশ করি, এতে তিনি শেষ-তৃতীয়াংশের গুনাহ্ মাফ করে দেন। এ কারণে আমার রবের জন্য শোকর-সূচক সিজদা আদার করি।

আবূ দাউদ (রহঃ) বলেনঃ আহমদ ইবন সালিহ যখন আমাদের নিকট এ হাদীছ বর্ণনা করেন, তখন তিনি আশ'আছ ইবন ইসহাকের নাম বাদ দেন। পরে মূসা ইবন সাহল রামলী (রহঃ) তাঁর মাধ্যমে আমাদের নিকট এ হাদীছ বর্ণনা করেছেন।

English

Narrated Sa'd ibn AbuWaqqas:

We went out with the Messenger of Allah () from Mecca making for Medina. When we were near Azwara', he alighted, then raised his hands, and made supplication to Allah for a time, after which he prostrated himself, remaining a long time in prostration. Then he stood up and raised his hands for a time, after which he prostrated himself, remaining a long time in prostration.

He then stood up and raised his hands for a time, after which he prostrated himself. Ahmad mentioned it three times.

He then said: I begged my Lord and made intercession for my people, and He gave me a third of my people, so I prostrated myself in gratitude to my Lord. Then I raised my head and begged my Lord for my people, and He gave me a third of my people, so I prostrated myself in gratitude to my Lord. Then I raised my head and begged my Lord for my people and He gave me the remaining third, so I prostrated myself in gratitude to my Lord.

Abu Dawud said: When Ahmad b. Salih narrated this tradition to us, he omitted the name of Ash'ath b. Ishaq, but Musa b. Sahl al-Ramli narrated it to us through him.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমির ইবন সা'দ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন